# জাতীয় শোক দিবস ২০২২
# উপলক্ষ্যে সংস্থা কর্তৃক গৃহিত
# কর্মসূচির প্রতিবেদন

---


**কেন্দ্রীয় কার্যালয়ের ঠিকানা:**

**২৪/৫, মল্লিকা, প্রমিনেন্ট হাউজিং, ৩ পিসি কালচার রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।**

**ফাউন্ডেশন অফিসের ঠিকানা:**

ছৈয়দিয়া বাজার, হাতিয়া, নোয়াখালী।

**আঞ্চলিক কার্যালয়ের ঠিকানা:**

শান্তি নিবাস, দেলোয়ার কমিশনারের বাড়ি, সোনাপুর, সদর, নোয়াখালী।

স্মারক নং : ডিইউএস/প্রকা/পিকেএসএফ/২০২২- তারিখঃ ২৩/০৮/২০২২

বরাবর,

**এ কিউ এম. গোলাম মাওলা**
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

সূত্র : স্মারক নং : ৫৩.২৩.০০০০.০৩১.০২.০০০.২২.৪৬১৩, তারিখ : ৩১ জুলাই ২০২২

বিষয় **: জাতীয় শোকদিবস ২০২২ পালন উপলক্ষ্যে সংস্থার বাস্তবায়িত কর্মসূচীর তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,
আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাৎ বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে সংস্থা কর্তৃক বিভিন্ন কর্মসূচি পালন করা হয়।

কর্মসূচীর মধ্যে কালো ব্যাজ ধারণ, জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, আলোচনা সভা ও মিলাদ মাহফিল, বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা ক্যাম্প, স্যাটলাইট ও ষ্ট্যাটিক ক্লিনিক পরিচালনা, বৃক্ষরোপন ও রেডিও সাগরদ্বীপ ৯৯.২ এফএম"-এ বিশেষ অনুষ্ঠানমালা প্রচার ইত্যাদি। এছাড়া সংস্থার সমৃদ্ধি কর্মসূচীর আওতাধীন তিনটি শাখায়- ধানসিঁড়ি, চানন্দী ও নিঝুমদ্বীপ এ আনুষ্ঠানিকভাবে বিভিন্ন কর্মসূচী পালন করা হয়।

এই সকল কর্মসূচীসমুহের উপর একটি সচিত্র প্রতিবেদন আপনার অবগতির জন্য সংযুক্তি হিসেবে প্রেরণ করা হলো।

আপনার সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ।

**বীর মুক্তিযোদ্ধা মোঃ রফিকুল আলম**
নির্বাহী পরিচালক
দ্বীপ উন্নয়ন সংস্থা
অনুলিপি: অফিস নথি;

জাতীয় শোক দিবস ২০২২

**দ্বীপ উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয়, ফাউন্ডেশন অফিসহ অন্যান্য কার্যালয়ে পালিত কর্মসূচীর প্রতিবেদন পিকেএসএফ কর্তৃক প্রেরিত নির্ধারিত ফরমেটে নিম্নে উপস্থাপন করা হলো:**

| ক্র:নং | সংস্থা কর্তৃক গৃহীত কর্মসূচীর সার সংক্ষেপ | সংশ্লিষ্ট সংযোজনী |
|---|---|---|
| ১ | কালো ব্যাজ ধারণ | জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাৎ বার্ষিকীকে শ্রদ্ধা জানিয়ে সংস্থার সকল স্তরের কর্মী ও কর্মকর্তাগণ কালো ব্যাজ ধারণ করেন। |
| ২ | জাতীয় পতাকা অর্ধনমিত রাখা | সংস্থার সকল কার্যালয় সমুহে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। |
| ৩ | আলোচনা সভা ও মিলাদ মাহফিল। | সংস্থার প্রধান কার্যালয় সহ সমৃদ্ধি কর্মসূচী বাস্তবায়নাধীন শাখা সমূহে এই দিবসকে সামনে রেখে বিশেষ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। আলোচনা ও দোয়া মাহফিলে বীর মুক্তিযোদ্ধাগণ এবং স্থানীয় গন্যমান ব্যক্তিবর্গ উপস্থিত থেকে জাতির জনকের কর্মময় জীবনের বিভিন্ন দিক তুলে ধরে আলোচনা করেন এবং তার অসমাপ্ত সোনার বাংলা গড়ার স্বপ্নকে বাস্তবায়নের শপথ গ্রহন করেন। জাতির জনক সহ ১৫ আগষ্ট ঘাতকদের হাতে নিহত সকল শহীদের আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া করা হয়। |
| ৪ | বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা ক্যাম্প, স্যাটলাইট ও ষ্ট্যাটিক ক্লিনিক পরিচালনা। | সংস্থার ধানসিঁড়ি, চানন্দী এবং নিঝুমদ্বীপ শাখায় স্যাটলাইট ও ষ্ট্যাটিক ক্লিনিক পরিচালনার মাধ্যমে বিনা মূল্যে ডায়াবেটিস পরীক্ষাসহ বিভিন্ন প্রকার রোগের চিকিৎসা সেবা প্রদান করা হয়। এই দিন ডায়াবেটিস পরীক্ষা নিঝুমদ্বীপ শাখায় ৭৮ জন, অন্যান্য রোগী ৩৪ জন, চানন্দী শাখায় জন ২১ জন, অন্যান্য চিকিৎসা ১২৭ জন, ধানসিঁড়ি শাখায় ডায়াবেটিস পরীক্ষা করা হয় ৮১ জন, অন্যান্য ৩০ জন রোগীর চিকিৎসা সেবা দেয়া হয়; |
| ৫ | বৃক্ষরোপন | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে সংস্থার ফাউন্ডেশন কার্যালয় এ ৬৫ টি মিশ্র প্রজাতির ফলের চারা রোপন করা হয়। এছাড়া সমৃদ্ধি ইউনিয়ন সমূহে প্রায় ৭০০ এবং কৈশোর কর্মসূচীর কিশোর কিশোরীদের উদ্দ্যোগে ২১০ টি তালগাছের বীজ বপন করা হয়। |
| ৬ | জাতির জনকের ৪৭ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে সংস্থার কমিউনিটি " রেডিও সাগরদ্বীপ ৯৯.২ এফএম"-এ বিশেষ অনুষ্ঠানমালা প্রচার। | জাতির জনকের ৪৭ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে সংস্থার কমিউনিটি " রেডিও সাগরদ্বীপ ৯৯.২ এফএম"- এ যথাযথ মর্যাদা এবং ভাব গাম্ভীর্যের সাথে দিনব্যাপী বিভিন্ন অনুষ্ঠানমালা প্রচার করা হয়েছে। অনুষ্ঠান সূচীর মধ্যে আছে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রণীত জাতীয় কর্মসূচির আলোকে বিভিন্ন অনুষ্ঠান বাংলাদেশ বেতার থেকে সরাসরি সম্প্রচার। তাছাড়া বিশেষ ম্যাগাজিন অনুষ্ঠান - স্মৃতিতে বঙ্গবন্ধু, বিশেষ ম্যাগাজিন অনুষ্ঠান -মৃত্যুঞ্জয়ী তুমি, বিশেষ আলাপচারিতা মুলক অনুষ্ঠান, গান কবিতায় মুজিব, বঙ্গবন্ধুর ভাষণ, গানে গানে বঙ্গবন্ধু, ম্যাগাজীন অনুষ্ঠান -কাঁদো বাঙালী কাঁদো, ম্যাগাজিন অনুষ্ঠান - আমরা তোমাকে ভুলিনি পিতা । |
| | | |

দ্বীপ উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয় জাতীয় শোক দিবসের আলোচনা ও দোয়া মাহফিল শেষে বীর মুক্তিযোদ্ধা ও কর্মকর্তা বৃন্দ




**জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাৎ বার্ষিকীতে শোকদিবস পালন উপলক্ষ্যে সমৃদ্ধি ইউনিয়ন সমুহে অনুষ্ঠিত বিভিন্ন কর্মসূচীর স্থির চিত্রঃ**

ধানসিড়ি ইউনিয়ন





শোকদিবস উপলক্ষ্যে বিশেষ আলোচনা সভা

শোকদিবস উপলক্ষ্যে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান







শোকদিবস উপলক্ষ্যে তালগাচের চারাবীজ রোপন

শোকদিবস উপলক্ষ্যে বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা

**জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাৎ বার্ষিকীতে শোকদিবস পালন উপলক্ষ্যে সমৃদ্ধি ইউনিয়ন সমুহে অনুষ্ঠিত বিভিন্ন কর্মসূচীর স্থির চিত্রঃ**

চানন্দী ইউনিয়ন




শোকদিবস উপলক্ষ্যে বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা




শোকদিবস উপলক্ষ্যে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান





**জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাৎ বার্ষিকীতে শোকদিবস পালন উপলক্ষ্যে সমৃদ্ধি ইউনিয়ন সমুহে অনুষ্ঠিত বিভিন্ন কর্মসূচীর স্থির চিত্রঃ**

নিঝুমদ্বীপ ইউনিয়ন



শোকদিবস উপলক্ষ্যে বিশেষ আলোচনা সভা ও দোয়া মাহফিল




শোকদিবস উপলক্ষ্যে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান




শোকদিবস উপলক্ষ্যে তালগাছের চারাবীজ রোপন



শোকদিবস উপলক্ষ্যে বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা